

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৪ অধিশাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০৩১.১৭ - ২) ১২

তারিখ: ২৭/০২/১৭

বিষয়: জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের পদ সৃজনের বিষয়ে অনুষ্ঠিত

সভার কার্যবিবরণী:

সভার তারিখ : ১১.১২.২০১৭ খ্রি:
সভার সময় : বিকাল ৩.০০ টায়।
সভার স্থান : কক্ষ নং-৩২৩, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
সভাপতি : শেখ রফিকুল ইসলাম
অতিরিক্ত সচিব (প্রশাসন),
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-‘ক’ সংযুক্ত।

আলোচনা: সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে রোকেয়া বেগম, উপ-সচিব (পার-৪) অধিশাখা অধ্যকার সভার আলোচ্য বিষয় অনুসারে ০২(দুই)টি প্রতিষ্ঠানের পদ সৃজনের বিষয়ে আলোকপাত করেন। জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের পদ সৃজন।

১। জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে রাজস্বখাতে পদ সৃজন:

জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে অর্থোপেডিক রোগীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠানে অন্তঃবিভাগ এবং বহিঃবিভাগে রোগীর চাপ অত্যধিক হওয়ায় রোগ নির্ণয়, রোগের চিকিৎসা, রোগ নিয়ন্ত্রণ, রোগের গবেষণা ইত্যাদির জন্য শয্যা সংখ্যা বৃদ্ধির প্রয়োজন। সে প্রেক্ষিতে ৫৩৪ শয্যাবিশিষ্ট প্রতিষ্ঠানটির শয্যা সংখ্যা বৃদ্ধি করে অবকাঠামোর কাজ চলছে। ডিপিপি অনুযায়ী প্রতিষ্ঠানটির অবকাঠামোর কাজ আগামী জুন/১৮ সালে সম্পন্ন হবে মর্মে উল্লেখ করা হয়েছে। রাজস্বখাতে পদ সৃজনের পর জনবল নিয়োগ করে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী হাসপাতালটির ১০০০ শয্যা চালু করা হবে। সে জন্য চিকিৎসক, নার্স, টেকনিশিয়ান এবং সহায়ক পদ সৃজন জরুরী। প্রকল্প পরিচালক জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান হতে ৪৭৪২ টি নতুন পদ সৃজনের প্রস্তাব করা হয়। তন্মধ্যে ক্যাডার ৯৯৩টি, ক্যাডার বহির্ভূত ৩৭৮৯টি পদ। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানে ক্যাডার ১১৩টি এবং ক্যাডার বহির্ভূত ৬১২টি পদ রয়েছে।

আলোচনা শেষে নিম্নোক্ত তথ্য সম্বলিত প্রস্তাব জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)-কে প্রেরণের সিদ্ধান্ত গ্রহীত হয়:

- (ক) জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) বিগত ০১ বছরে অন্ত:বিভাগে ওয়ার্ড ভিত্তিক ভর্তিকৃত ও বহি: বিভাগে চিকিৎসা নেয়া রোগীর হিসাব এবং রেজিস্টারের ফটোকপি;
- (খ) কত সংখ্যক ডা: নিয়মিত কোর্স করে তার তথ্য, বিশেষজ্ঞ জনবল পাওয়া যাবে কিনা, এ সকল বিষয় বিবেচনায় নিয়ে যৌক্তিক সংখ্যক পদ সৃষ্টির প্রস্তাব;
- (গ) উক্ত হাসপাতালের যন্ত্রপাতির হিসাব, একাডেমিক অংশে শিক্ষার্থীদের পাঠদানের জন্য Physical Capacity আছে কিনা তার যৌক্তিকতা;
- (ঘ) ক্লিনিক্যাল ষ্টাফ এবং টিচিং স্টাফের বিদ্যমান পদ ও প্রস্তাবিত পদের তুলনামূলক বিবরণী।

২। ঔষধ প্রশাসন অধিদপ্তরে রাজস্বখাতে পদ সৃজন:

ঔষধ প্রশাসন অধিদপ্তর হতে ১৭২২টি নতুন পদ সৃজনের জন্য প্রস্তাব করা হয়। প্রস্তাবটি পর্যালোচনার লক্ষ্যে গত ২২.০১.২০১৭ তারিখে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তের আলোকে প্রস্তাব প্রেরণের জন্য মহাপরিচালক ঔষধ প্রশাসন অধিদপ্তরকে অনুরোধ করা হয়। ঔষধ প্রশাসন অধিদপ্তর ১৭৪৫টি পদ সৃজনের জন্য সংশোধিত প্রস্তাব প্রেরণ করে। মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে গত ০৪.১০.২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে কতিপয় তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং প্রস্তাবটি পরীক্ষা নিরীক্ষা করা হয়। সভাপতি, ঔষধ প্রশাসন অধিদপ্তরকে যৌক্তিকতার নিরীক্ষা প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহীত হয়ঃ

মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর সভার নির্দেশনা মতে যৌক্তিকতা তুলে ধরে প্রস্তাব প্রেরণ করবে যা মন্ত্রণালয়ের মতামত হিসেবে গণ্য করা হবে। এ ব্যাপারে উপসচিব (পার-৪) সহযোগিতা করবে।

৩। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা/-

(শেখ রফিকুল ইসলাম)

সভাপতি

ও

অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্বাস্থ্য সেবা বিভাগ


স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৪৫.১৫.০৩১.১৭ - ২০২/৩ (৭)

তারিখ: ২৭/১২/১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। পরিচালক, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। প্রকল্প পরিচালক, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) সম্প্রসারণ শীর্ষক প্রকল্প, শেরেবাংলা নগর, ঢাকা।
- ✓ ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে পদ সৃজন সংক্রান্ত সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(রোকেয়া বেগম)
উপসচিব